

প্রতিদিন Poisons Information Centre (বিষ তথ্য কেন্দ্র) ছোট শিশুদের ভ্যাপের সংস্পর্শে আসার বিষয়ে কল পায়।


Poisons Information Centre দিনের ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন বিশেষজ্ঞের পরামর্শ দেয় - **13 1126** নম্বরে কল করুন।



আপনার বাড়ি এবং গাড়ি ধোঁয়া এবং ভ্যাপ মুক্ত রাখুন।

আপনার শিশুদের এবং আপনার নিজের স্বাস্থ্যের জন্য আপনি যা করতে পারেন তার মধ্যে একটি সেরা জিনিস হল স্থায়ীভাবে ধূমপান বা ভ্যাপিং ত্যাগ করা।

**13 7848** নম্বরে Quitline (কুইটলাইন) এ কল করুন।



2023 © NSW Health. SHPN (CPH) 240030-8



Keep young children safe around vapes

Bengali



ছোট শিশুদের ভ্যাপের থেকে নিরাপদে রাখুন

লেবেলে উল্লেখ না থাকলেও, অনেক ভ্যাপে (যাকে ই-সিগারেটও বলা হয়) প্রচুর পরিমাণে নিকোটিন থাকে।

খুব অল্প পরিমাণে নিকোটিন থেকে একটি ছোট শিশু মারা যেতে পারে।

ভ্যাপগুলো ছোট শিশুদের কাছে খুব আকর্ষণীয় তবে তারা শিশু-প্রতিরোধী নয়।

সকল ভ্যাপ ছোট শিশুদের জন্য বিপদ হতে পারে যদি শ্বাস নেওয়া, গিলে ফেলা বা তাদের ত্বকে ছড়িয়ে পড়ে।

ছোট শিশুদের চারপাশে ভ্যাপ ব্যবহার করবেন না।



সর্বদা ভ্যাপগুলো তালাবদ্ধ এবং শিশুদের নাগালের বাইরে রাখুন।

যদি আপনি মনে করেন কোনও শিশু ভ্যাপে পাওয়া তরলটির সংস্পর্শে এসেছে বা যদি তারা এটি গ্রহণ করে, শ্বাস নেয় বা তাদের ত্বকে ছড়িয়ে পরে তাহলে **13 1126** নম্বরে বিষ তথ্য কেন্দ্র বা পয়জন ইনফরমেশন সেন্টারে কল করুন।

যদি তারা মূর্ছা যায় বা শ্বাস না নেয়, অবিলম্বে অ্যাম্বুলেন্সের জন্য **000** কল করুন।

খুব অল্প পরিমাণে নিকোটিন থেকে একটি ছোট শিশু মারা যেতে পারে।

উচ্চ নিকোটিন ঘনত্ব এবং নিম্নমানের প্যাকেজিংয়ের কারণে ভ্যাপে তরল বিয়ক্রিয়ার গুরুতর ঝুঁকি তৈরি করতে পারে।

ভ্যাপের এক্সপোজারের সাধারণ লক্ষণগুলো হল:

- কাশি হওয়া
- বমি হওয়া
- তন্দ্রা এবং
- শ্বাস নিতে সমস্যা



ভ্যাপ এবং ভ্যাপ তরলগুলো নিরাপদে ফেলুন যাতে সেগুলো শিশুরা খুঁজে না পায়।